

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১৪

১/ বিবিধ

আরবী

إن لله تعالى في كل يوم جمعة ستمائة ألف عتيق من النار، كلهم قد استوجبوا النار  
منكر

أخرجه ابن حبان في "المجروحين" (1 / 169) وتمام في "الفوائد" (1 / 236) وابن  
عدي في "الكامل" (2 / 26) والواحد في "التفسير" (4 / 145 / 1) من طريق  
يحيى بن سليم الطائفي: حدثنا الأزور بن غالب عن سليمان التيمي عن ثابت البناني  
عن أنس بن مالك مرفوعا. وأورده ابن عدي وكذا ابن حبان في ترجمة الأزور هذا،  
وقال: "كان قليل الحديث إلا أنه روى على قلته عن الثقات ما لم يتابع عليه من  
المناكير، فكأنه كان يخطيء وهو لا يعلم حتى صار ممن لا يحتج به إذا انفرد". ثم  
ساق الحديث وقال: "هذا متن باطل لا أصل له  
". وأما ابن عدي فقال: "أحاديثه معدودة يسيرة غير محفوظة، وأرجو أنه لا بأس به".  
كذا قال! وفي "الميزان": "منكر الحديث، أتى بما لا يحتمل، فكذب

বাংলা

৬১৪। প্রত্যেক জুম'আর দিবসে আল্লাহ তা'আলা জাহান্নামের আগুন হতে ছয় লক্ষ লোককে মুক্ত করে দেন।  
যাদের সবার জন্য জাহান্নাম ওয়াজিব হয়ে গিয়েছিল।

হাদীছটি মুনকার।

এটি ইবনু হিব্বান "আল-মাজরুহীন" (১/১৬৯) গ্রন্থে, তাম্মাম "আল-ফাওয়ায়েদ" (১/২৩৬) গ্রন্থে, ইবনু আদী

“আল-কামিল” (২/২৯) গ্রন্থে এবং আলওয়াহেদী “আত-তফসীর” (৪/১৪৫/১) গ্রন্থে ইয়াহইয়া ইবনু সুলায়েম আত-তায়ফী সূত্রে আযওয়ার ইবনু গালিব হতে তিনি সুলায়মান আত-তাইমী হতে ... বর্ণনা করেছেন।

ইবনু হিব্বান এই আযওয়ারের জীবনীতে বলেনঃ তিনি কম সংখ্যক হাদীছই বর্ণনা করেছেন। তা সত্ত্বেও নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে মুনকার হাদীছ বর্ণনা করেছেন যার মুতাবায়াত করা যায় না। সম্ভবত তিনি তার অজান্তে ভুল করতেন। ফলে তিনি যখন এককভাবে বর্ণনা করেছেন তখন তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

তিনি তার এ হাদীছটি উল্লেখ করে আরো বলেছেনঃ এ ভাষাটি বাতিল তার কোন ভিত্তি নেই।

ইমাম যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ। এমন কিছু নিয়ে এসেছেন যা সঠিক হওয়ার কোন সম্ভাবনা নেই। অতএব তিনি মিথ্যা বলেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71493>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন